# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৬২০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

### আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا كَانَ الْحَرُّ أَبْرَدَ بِالصَّلَاةِ وَإِذَا كَانَ الْبَرْدُ عَجَّلَ. رَوَاهُ النَّسَائِيُّ

### বাংলা

৬২০-[৩৪] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (যুহরের সালাত (সালাত/নামায/নামাজ)) গরমকালে ঠাণ্ডা করে (গরম কমলে) আদায় করতেন আর শীতকালে আগে আগে আদায় করতেন। (নাসায়ী)[1]

### ফুটনোট

[1] সহীহ : নাসায়ী ৪৯৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: গরমের সময়ে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের সালাতকে গরম একটু কমলে আদায় করতেন। এ হাদীস দ্বারা গরমের সময় যুহরের সালাতকে প্রথম ওয়াক্ত থেকে একটু পিছিয়ে আদায় করার বৈধতা প্রমাণিত হয়। তবে জুমু‘আর সালাত (সালাত/নামায/নামাজ) দেরী করে আদায়ের বৈধতা নিয়ে মতানৈক্য রয়েছে। যারা জুমু‘আর সালাত দেরী করে আদায় করার পক্ষে তাদের নিকট যুহরের সালাতের উপর জুমু‘আহকে ক্বিয়াস করা ছাড়া কোন দলীল নেই। এ ব্যাপারে জুমু‘আর খুৎবাহ্ ও সালাত অধ্যায়ে আলোচনা আসবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55177

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন